৭২

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JAN 1997
পৃঃ ৩ কলাম ২

# ইসলামী বিশ্ববিদ্যালয় ঃ ৯৫২টি আসনের জন্য ২৫ হাজার শিক্ষার্থী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ও বিবিএ কোর্সে ভর্তির জন্য আবেদনকারী প্রায় ২৫ হাজার শিক্ষার্থীর মধ্যে মাত্র ৯৫২ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন বিভাগে ভর্তির সুযোগ লাভ করিবে। বঞ্চিত হইবে ২৩,৭০৪ জন শিক্ষার্থী।

এ বছর বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের মোট ১৫টি বিভাগকে ছয়টি ইউনিটে বিভক্ত করিয়া ভর্তি পরীক্ষা নেওয়া হইবে। মোট ৯৫২টি আসনের জন্য ২৪,৬৫৬টি আবেদনপত্র জমা পড়িয়াছে। অর্থাৎ প্রতিটি আসনের জন্য ২৬ জন শিক্ষার্থীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হইবে। ইংরেজী বিভাগে ১০০টি, বিজ্ঞান অনুষদের ৩টি বিভাগে ৩০টি করিয়া এবং অন্যান্য বিভাগে ৬৫টি করিয়া আসন বরাদ্দ রহিয়াছে। খেলোয়াড় কোটায় ২০ জন এবং উপজাতীয় কোটায় বিভিন্ন বিভাগে মোট ২৭ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। গত ১৯শে ডিসেম্বর ভর্তি পরীক্ষার আবেদনপত্র গ্রহণ ও জমা দেওয়ার কাজ শেষ হয়। ভর্তি কার্যক্রম শুরু হয় গত ২৫শে নভেম্বর।

শরীয়াহ অনুষদভুক্ত 'ক' ইউনিটের ১৯৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ১৩৪৬টি। অর্থাৎ এই ইউনিটে ১টি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করিতেছে মাত্র ৭ জন।

ব্যবসায় প্রশাসন অনুষদের অন্তর্গত খ' ইউনিটের মাত্র ১৩০টি আসনের জন্য ৪৮৩৬টি আবেদনপত্র

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

জমা পড়িয়াছে। এই ইউনিটে আসন পিছু প্রতিদ্বন্দ্বীর সংখ্যা ৩৭।

মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত 'গ' ইউনিটের ১৩০টি আসনের জন্য ভর্তিচ্ছু শিক্ষার্থীর সংখ্যা ৫,৩৩৯ জন। অর্থাৎ প্রতিটি আসনের জন্য এই ইউনিটে ৪১ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করিবে।

একই অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ২৯৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ৬৮৫০টি। ১টি আসনের জন্য প্রতিদ্বন্দ্বীর সংখ্যা প্রায় ২৩ জন।

সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা আইন অনুষদভুক্ত হইতেছে 'ঙ' ইউনিটে। এই ইউনিটের মাত্র ৬৫টি আসনের জন্য মোট ৩২৪২টি আবেদনপত্র জমা পড়িয়াছে। অর্থাৎ প্রতিটি আসনের জন্য প্রায় ৫০ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করিবে।

বিজ্ঞান অনুষদভুক্ত 'চ' ইউনিটের মোট ৯০টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ৩২৪৩টি। এই ইউনিটে আসন পিছু প্রতিদ্বন্দ্বীর সংখ্যা প্রায় ৩৬ জন।

গত বছরের তুলনায় এ বছর প্রায় চার হাজার আবেদনপত্র কম জমা পড়িয়াছে। ধারণা করা হইতেছে এবারের এইচ,এস,সি পরীক্ষার পাসের হার কম এবং গত বছর ২৫ ও ২৬শে সেপ্টেম্বর অত্র বিশ্ববিদ্যালয়ে সংগঠিত ভয়াবহ ছাত্র সংঘর্ষের ঘটনায় এই অবস্থার সৃষ্টি হইয়াছে। ইহাছাড়া যথাসময়ে বোর্ড হইতে মার্কশীট না পাইয়া অনেকে আবেদন করিতে পারে নাই বলিয়া খবর পাওয়া গিয়াছে।

আগামী ১৮, ১৯, ২০, ২১, ২২ ও ২৩ সে জানুয়ারী যথাক্রমে ক, খ, গ, ঘ, ঙ, ও চ, ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।